

Visit of President-Elect of the 76th General Assembly of the United Nations and Minister of Foreign Affairs of Maldives to India (July 22-24, 2021)

July 21, 2021

রাষ্ট্রপুঞ্জের 76 তম জেনারেল অ্যাসেম্বলির নির্বাচিত সভাপতি এবং মালদ্বীপের বিদেশ বিষয়ক মন্ত্রীর ভারত সফর (জুলাই 22-24, 2021)

জুলাই 21, 2021

1. ভারতের বিদেশ মন্ত্রী ডঃ এস জয়শংকর-এর আমন্ত্রণে রাষ্ট্রপুঞ্জের 76 তম জেনারেল অ্যাসেম্বলির নির্বাচিত সভাপতি এবং মালদ্বীপের বিদেশ বিষয়ক মন্ত্রী হিজ এম্বলেম্বি শ্রীযুক্ত আবদুল্লা শাহিদ জুলাই 22-24, 2021 তারিখে নিউ দিল্লি আসছেন।
2. তার সফরকালে জেনারেল অ্যাসেম্বলির নির্বাচিত-সভাপতি প্রধানমন্ত্রীর সাথে সৌজন্য সাক্ষাৎ করবেন এবং পারস্পরিক স্বার্থের আন্তর্জাতিক, বহুপাক্ষিক, আঞ্চলিক এবং দ্বিপাক্ষিক বিষয়গুলির মুখ্য বিষয় নিয়ে বিদেশমন্ত্রীর সাথে আলোচনা করবেন। সফররত সম্মানীয় পদস্থ ব্যক্তির সম্মানার্থে বিদেশমন্ত্রী একটি নৈশভোজেরও আয়োজন করবেন।
3. জেনারেল অ্যাসেম্বলির নির্বাচিত সভাপতি 23 শে জুলাই পূর্বাঞ্চে নিউ দিল্লির সাক্র হাউজের ইন্ডিয়ান কাউন্সিল অব ওয়ার্ল্ড অ্যাফেয়ার্স (আইসিডব্লুএ) ভবন থেকে "প্রত্যাশার সভাপতিত্বঃ COVID অতিমারী এবং সংশোধিত বহুপাক্ষিকতার প্রয়োজন" শীর্ষক একটি ভার্চুয়াল বক্তৃতার মাধ্যমে ইউএনজিএ-র সভাপতিত্বের জন্য তার দৃষ্টিভঙ্গির বিনিময়ও করবেন।
4. জেনারেল অ্যাসেম্বলির নির্বাচিত-সভাপতির এই সফর, বর্তমানে রাষ্ট্রপুঞ্জের বেশ কয়েকটি বিশ্বব্যাপী চ্যালেঞ্জের মোকাবিলা করার বিষয়ে তার সাথে মত বিনিময়ের একটি সুযোগ করে দেবে। এই সকল চ্যালেঞ্জের মোকাবিলায় রাষ্ট্রপুঞ্জের নেতৃত্বের প্রতি এবং বহুপাক্ষিকতাবাদকে মেনে চলার প্রতি ভারতের প্রতিশ্রুতিবদ্ধতার কথা পুনরায় উল্লেখ করার জন্য আমাদেরও একটি সুযোগ করে দেবে।

5. 7 ই জুন 2021 -এ জেনারেল অ্যাসেম্বলির নির্বাচিত-সভাপতি পদে স্থলাভিষিক্ত হবার পরে ভারতই হবে প্রথম দেশ যেখানে হিজ এক্সেলেন্সি আবদুল্লা সাহিব প্রথম সফর করবেন।

6. জেনারেল অ্যাসেম্বলির নির্বাচিত সভাপতি সর্বশেষ 2021 সালের এপ্রিল মাসে মালদ্বীপের বিদেশ মন্ত্রীর দায়িত্ব পালন করার সময় ভারত সফর করেছিলেন। মালদ্বীপ ভারতের প্রধানমন্ত্রীর প্রতিবেশী প্রথম নীতি এবং সাগর দৃষ্টিভঙ্গির কেন্দ্রস্থলে অবস্থিত এবং আশা করা যায় যে দুই মন্ত্রী দুই তরফের মধ্যে দ্বিপাক্ষিক সহযোগিতার আগাগোড়া পর্যালোচনাও করবেন। আশা করা যায় যে আলোচনাটি দুই দেশের মধ্যে মৈত্রী বন্ধনকে খুব দ্রুত সম্প্রসারিত করাকে আরও গতিপ্রদান করবে। মালদ্বীপে ভারতীয় অনুদান সহায়তায় হাই ইমপ্যাক্ট কমিউনিটি ডেভলপমেন্ট প্রকল্প বাস্তবায়িত করার জন্য একটি চুক্তিও এই সফরে স্বাক্ষরিত হবে।

নিউ দিল্লি

জুলাই 21,2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.